দৈনিক বাংলা

তারিখ 08 JUN 1987
পৃষ্ঠা ৮ কলাম 3

২৪ জ্যৈষ্ঠ ১৩৯৪

৭

# পলিটেকনিক ইন্সটিটিউটের সেশন জট

আমরা দেশের ১৭টি পলিটেকনিকে ৩ হাজার ৪৪০ জন শিক্ষার্থী ১৯৮৫-৮৬ শিক্ষাবর্ষে ভর্তি হয়েছি। কিন্তু ১৯৮৫-এর নবেম্বরে ভর্তি হওয়ার পর আজ প্রায় ১৮ মাস গত হয়ে গেলেও আমাদের ক্লাস শুরু হওয়ার কোন লক্ষণ নেই। ফলে অতি মূল্যবান দেড়টি বছর আমাদের শিক্ষাজীবন থেকে হারিয়ে যাচ্ছে। আর যতই দিন যাচ্ছে, ততই আমাদের শিক্ষা জীবন দীর্ঘায়িত হচ্ছে। সাথে সাথে আমাদের হতাশা এবং আর্থিক ক্ষতিও বৃদ্ধি পাচ্ছে। কর্তৃপক্ষের কাছে আমাদের জিজ্ঞাসা, এই দুর্মূল্যের দিনে আর কতকাল আমরা ক্লাস শুরুর অনিশ্চয়তায় থাকবো? কর্তৃপক্ষের প্রতি আমাদের বিনীত প্রার্থনা, আমাদে মূল্যবান সময় ও অর্থের অপচয় এবং আমাদের মানসিক অবস্থা বিবেচনা করে ডবল শিফট চালু অথবা অন্য কোন বিকল্প ব্যবস্থা গ্রহণ করে ১৯৮৫-৮৬ শিক্ষাবর্ষের ক্লাস আরম্ভ করে হতাশার হাত থেকে আমাদের রক্ষা করুন।

—মোঃ ইফতেখারুল ইসলাম,
চট্টগ্রাম পলিটেকনিক ইন্সটিটিউট।